

## ঈশানের কথা

## ২১ ফব্রুয়ারি ২০২১

আজ ২১শে ফেব্রুয়ারি, ২০২১।

দীর্ঘ সত্তর বছর অতিক্রান্ত। ১৯৫২ সালের সেই মহান দিন মানব সভ্যতার ইতিহাসে রক্তাক্ষরে লেখা রয়েছে। মাতৃভাষার জন্য এই আত্মতাগের কাহিনী বিশ্বের মহানতম আন্দোলনগুলোর অন্যতম। শুরু হয়েছিল তথাকথিত উর্দু ভাষিক আগ্রাসনের বিরুদ্ধে। আর এর উপযুক্ত ক্ষতি পূরণ হয়েছিল স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের জন্মের মধ্য দিয়ে। এই সংগ্রাম কিন্তু উর্দু বা কোন নির্দিষ্ট ভাষার বিরুদ্ধে ছিল না। ছিল, সংকীর্ণমনা ভাষিক আগ্রাসনের বিরুদ্ধে। ২১শে ফেব্রুয়ারি- সকল ভাষার, সকল মাতৃভাষার সম্মানের জন্য প্রজ্বলিত এক শিখা, যা দশকের পর দশক ধরে দীপ্যমান। তবু, মাতৃভাষার অধিকার কি প্রতিষ্ঠা প্রেয়েছে!

## ---মনে হয়, না।

কখনো চোরাগোপ্তা, কখনো প্রকাশ্যে, অতিক্রমণ ও অধিগ্রহণের চেষ্টা অবিরত চলছে। সেই বড় মাছের চারা পোনা খাওয়ার পুরনো কিন্তু বাস্তব গল্প। আমরা কর্ম ক্ষেত্রে, শিক্ষা ক্ষেত্রে নিত্যদিন এর সম্মুখীন। বিভিন্ন আন্তর্জাতিক সার্ভে তে আরও অবাক করার মত তথ্য ইদানীং উঠে আসছে। রাষ্ট্রসংঘের কমবেশি ১৮০টি সদস্য দেশে যেখানে আজকে মাতৃভাষা দিবস পালিত হচ্ছে, সেখানে সেই সব দেশের জনগণের কাছে বেশির ভাগ ক্ষেত্রেই একুশের মহান আত্মত্যাগের কাহিনীর তথ্য অজানা। এর দায় কার! এর দায় কে নেবে!

আজকের এই দিনে আমরা অবশ্যই চাইব বাংলা ভাষা দীর্ঘ জীবি হোক। দীর্ঘ জীবি হোক পৃথিবীর সকল মাতৃভাষা। মাতৃভাষার সম্মানে শীঘ্রই ''ভাষা শহীদ স্টেশন'' - এই নামে নামান্তরিত হোক শিলচর রেল স্টেশন। বরাক সহ আমাদের দেশের সর্বত্ত রক্ষিত হোক ভাষার সম্মান। পালিত হোক ভাষা আইন।

এই উপলক্ষে Audrey Azoulay, Director-General of UNESCO, কর্তৃক International Mother Language Day উপলক্ষে প্রদত্ত বয়ান যথেষ্ট তাৎপর্যপূর্ণ। আমরা তা সবার সাথে ভাগ করে নিলাম।

"The theme of the Day this year, "Fostering multilingualism for inclusion in education and society", thus encourages us to support multilingualism and the use of mother tongues, both at school and in everyday life. This is essential, because when 40% of the world's inhabitants do not have access to education in the language they speak or understand best, it hinders their learning, as well as their access to heritage and cultural expressions. This year, special attention is being paid to multilingual education from early childhood, so that for children, their mother tongue is always an asset."

## মাতৃভাষা মাতৃ ত্বন্ধ সম

... এটাই ২১শের জপ মন্ত্র ...

সবাইকে অনেক অনেক শুভেচ্ছা।

ধন্যবাদ , ভালো থাকুন, আর রোজ পড়তে থাকুন ঈশান কথা ...

